# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

---

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, বেলায়েত কি কতক মুমিন ছাড়া কতক মুমিনের জন্য নির্দিষ্ট?

উত্তর: বল, যে কেউ মুমিন মুত্তাকী হবে সেই আল্লাহর অলী। দলীল, আল্লাহ তা‘আলার বাণী:

﴿أَلَآ إِنَّ أَوۡلِيَآءَ ٱللَّهِ لَا خَوۡفٌ عَلَيۡهِمۡ وَلَا هُمۡ يَحۡزَنُونَ ٦٢ ٱلَّذِينَ ءَامَنُواْ وَكَانُواْ يَتَّقُونَ ٦٣﴾ [يونس : ٦٢، ٦٣]

“শুনে রেখ, নিশ্চয় আল্লাহর বন্ধুদের কোনো ভয় নেই, আর তারা পেরেশানও হবে না। যারা ঈমান এনেছে এবং তাকওয়া অবলম্বন করত”। [সূরা ইউনুস, আয়াত: ৬২-৬৩] বেলায়েত কাউকে বাদ দিয়ে অন্য কারো জন্য খাস নয়, তবে তার স্তরগুলো বিভিন্ন। তাকওয়া অর্থ হলো আল্লাহ ও তার রাসূলের আদেশ মানা এবং আল্লাহ ও তার রাসূল যার থেকে নিষেধ করেছেন সেগুলো পরিত্যাগ করা। ঈমান ও আনুগত্য অনুপাতে প্রত্যেক মুমিনের জন্যই বিলায়েত রয়েছে।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=9967

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন